

Action for Social Development (ASD)

Paper Clips

রেজি-ডিএ ৮৪
৬৫তম বর্ষ
২৬৩তম সংখ্যা
৪ আশ্বিন ১৪২৫
৮ মহররম, ১৪৪০ হিজরি
১৯ সেপ্টেম্বর ২০১৮



Date: 19/9/2018

page #3

শিশু অধিকার প্রতিষ্ঠা না হলে এসডিজি অর্জন সম্ভব নয় মতবিনিময় সভায় বক্তারা

■ ইত্তেফাক রিপোর্ট

শিশুদের অধিকার প্রতিষ্ঠা না হলে এসডিজি অর্জন সম্ভব হবে না বলে মনে করেন সংশ্লিষ্ট বিজ্ঞজন। শিশু অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে শিশু অধিকার বিষয়ক সংসদীয় ককাস এর সাথে বেসরকারি সংস্থা অ্যাকশন ফর সোশ্যাল ডেভেলপমেন্ট (এএসডি) মতবিনিময় সভায় এমত প্রকাশ করেন তারা। গতকাল মঙ্গলবার রাজধানীর মনিপুরি পাড়ার এক রেস্তুরেন্টে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে শিশু অধিকার বিষয়ক সংসদীয় ককাস এর সভাপতি মীর শওকাত আলী বাদশা, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। শিশু অধিকার বিষয়ক সংসদীয় ককাস এর সদস্য ও পঞ্চগড়-১ আসনের সংসদ সদস্য নাজমুল হক প্রধান, ঠাকুরগাঁও-৩ আসনের সংসদ সদস্য মো. ইয়াসিন আলী, বরিশাল-৫ আসনের সংসদ সদস্য বেগম জেবুন্নেছা আফরোজ, সংরক্ষিত আসনের সংসদ সদস্য কামরুন নাহার চৌধুরী, অ্যাডভোকেট উম্মে কুলসুম স্মৃতি উপস্থিত ছিলেন।

এএসডির ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক মো. মোজাম্মেল হকের সভাপতিত্বে ও পরিচালনায় মতবিনিময় সভায় মূল বক্তব্য উপস্থাপন করেন এএসডির ডিসিএইচআর প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক ইউকেএম ফারহানা সুলতানা।

মীর শওকাত আলী বাদশা বলেন, শিশু অধিকার বিষয়ক সংসদীয় ককাস শিশুদের অধিকার রক্ষায় বিভিন্ন ধরনের ভূমিকা রাখছে। শিশুদের নিয়ে এএডির কার্যক্রম প্রশংসনীয়, ককাস সদস্যরা মাঠ পর্যায়ে গিয়ে এএসডির কার্যক্রম মূল্যায়ন করতে চায়। বিক্ষিপ্তভাবে শিশু হত্যা ও নির্যাতনের ঘটনা ঘটলেও বর্তমান সরকার শিশু সুরক্ষায় অত্যন্ত আন্তরিক।

মূল বক্তব্যে ইউকেএম ফারহানা সুলতানা বলেন, টেকসই উন্নয়নের লক্ষ্যে সরকারি বেসরকারি সংগঠনগুলো যার যার অবস্থান থেকে কাজ করে যাচ্ছে। তবুও সাম্প্রতিক সময়ে শিশু হত্যা, নির্যাতন বেড়ে গেছে। মানবাধিকার এবং সুনির্দিষ্টভাবে শিশু অধিকার গুণপ্রাপ্তভাবে জড়িত। শিশুদের বিরুদ্ধে সকল প্রকার সহিংসতা, নির্যাতন ও শোষণ এবং শিশু পাচারের মতো ঘৃণ্য তৎপরতার অবসান ঘটাতে হবে।

Date: 19/9/2018



An opinion exchange meeting was held in the city between NGO Action for Social Development (ASD) and the Parliamentaru Caucus on Children's Rights yesterday.

-AA

Date: 19/9/2018

শিশু অধিকারবিষয়ক সংসদীয় ককাসের সাথে এএসডির মতবিনিময়

● নিজস্ব প্রতিবেদক

শিশু অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে শিশু অধিকারবিষয়ক সংসদীয় ককাসের সাথে বেসরকারি সংস্থা অ্যাকশন ফর সোশ্যাল ডেভেলপমেন্ট (এএসডি) মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল দুপুরে স্থানীয় একটি রেস্টুরেন্টে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে শিশু অধিকারবিষয়ক সংসদীয় ককাসের সভাপতি মীর শওকাত আলী বাদশা এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে শিশু অধিকারবিষয়ক সংসদীয় ককাসের সদস্য ও পঞ্চগড়-১ আসনের সংসদ সদস্য নাজমুল হক প্রধান, ঠাকুরগাঁও-৩ আসনের সংসদ সদস্য মো: ইয়াসিন আলী, বরিশাল-৫ আসনের সংসদ সদস্য বেগম জেবুন্নেছা আফরোজ, সংরক্ষিত আসনের সংসদ সদস্য কামরুন্নাহা চৌধুরী ও অ্যাডভোকেট উম্মে কুলসুম স্মৃতি উপস্থিত ছিলেন।

এএসডির ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক মো: মোজাম্মেল হকের সভাপতিত্বে ও পরিচালনায় মতবিনিময় সভায় মূল বক্তব্য উপস্থাপন করেন এএসডির ডিসিএইচআর প্রকল্পের ব্যবস্থাপক ইউকেএম ফারহানা সুলতানা। অনুষ্ঠানে মীর শওকাত আলী বাদশা এমপি বলেন, শিশু অধিকারবিষয়ক সংসদীয় ককাস শিশুদের অধিকার রক্ষায় বিভিন্ন ধরনের ভূমিকা রাখছে।

মূল বক্তৃতায় ইউকেএম ফারহানা সুলতানা বলেন, টেকসই উন্নয়নের লক্ষ্যে সরকারি বেসরকারি সংগঠনগুলো যার যার অবস্থান থেকে কাজ করে যাচ্ছে। তবুও সাম্প্রতিক সময়ে শিশু হত্যা, নির্যাতন বেড়ে গেছে। মানবাধিকার এবং সুনির্দিষ্টভাবে শিশু অধিকার ওতপ্রোতভাবে জড়িত। এক কথায় শিশুদের অধিকার প্রতিষ্ঠা না হলে এএসডির লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে না।

Date: 19/9/2018

শিশু অধিকার প্রতিষ্ঠা ছাড়া এসডিজি সম্ভব নয়

স্টাফ রিপোর্টার : সাম্প্রতিক সময়ে শিশু হত্যা ও নির্যাতন বেড়ে গেছে। মানবাধিকার এবং সুনির্দিষ্টভাবে শিশু অধিকার ওতপ্রোতভাবে জড়িত। শিশুদের অধিকার প্রতিষ্ঠা না হলে এসডিজি লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে না বলে মত দিয়েছেন বক্তারা।

শিশু অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে শিশু অধিকার বিষয়ক সংসদীয় ককাসের সাথে বেসরকারী সংস্থা অ্যাকশন ফর সোশ্যাল ডেভেলপমেন্ট (এএসডি) মতবিনিময় সভায় বক্তারা গতকাল এ কথা বলেন। রাজধানীর মনিপুরি পাড়ার একটি রেস্টুরেন্টে এ সভায় প্রধান অতিথি ছিলেন সংসদ সদস্য ককাসের সভাপতি মীর শওকাত আলী বাদশা।

অনুষ্ঠানে সংসদ সদস্য নাজমুল হক প্রধান, মো. ইয়াসিন আলী, বেগম জেবুন্নেছা আফরোজ, কামরুন্নাহার চৌধুরী এবং এডভোকেট উম্মে কুলসুম স্মৃতি উপস্থিত ছিলেন। এএসডির ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক মো. মোজাম্মেল হকের সভাপতিত্বে ও পরিচালনায় মূল বক্তব্য উপস্থাপন করেন এএসডির ডিসিএইচআর প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক ইউকেএম ফারহানা সুলতানা।

মীর শওকাত আলী বাদশা বলেন, শিশু অধিকার বিষয়ক সংসদীয় ককাস শিশুদের অধিকার রক্ষায় বিভিন্ন ধরনের ভূমিকা রাখছে। শিশুদের নিয়ে এএসডির কার্যক্রমের প্রশংসনীয়, ককাস সদস্যরা মাঠ পর্যায়ে গিয়ে এএসডির কার্যক্রম মূল্যায়ন করতে চায়। বিক্ষিপ্তভাবে শিশু হত্যা ও নির্যাতনের ঘটনা ঘটলেও বর্তমান সরকার শিশু সুরক্ষায় অত্যন্ত আন্তরিক।

The New Nation Independent Daily

New Nation

Date: 19/9/2018



Speakers at an opinion sharing meeting held between the Parliamentary Caucus and Action for Social Development at the Park Town Restaurant in the city's Manipuri Para on Tuesday with a call to establish child rights.